গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

মুজিব শতবর্ষ MUJIB 100
মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- ৪৫.০২.০০০০.০১১.১৮.০৪০.২১-২৮০৬ তারিখঃ ১৬/১০/২০২২

**বিষয়ঃ স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসংগে।**

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ১৩/১০/২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্টক্রমে প্রেরণ করা হলো।

১৬/১০/২২

(সুলতান মাহমুদ জাকির হোসেন মনজু)
সহকারী পরিচালক (প্রশাসন-১) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব
পরিবীক্ষণ কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি

সংযুক্তিঃ সভার কার্যবিবরণী-৪ (চার) পাতা।

বিতরণঃ

কার্যক্রমঃ
১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। নির্বাহী প্রকৌশলী (তড়িৎ-ডিজাইন), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। সহকারী প্রকৌশলী (প্রকল্প ব্যবস্থাপনা -১), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সহকারী প্রকৌশলী (তড়িৎ-প্রকল্প ব্যবস্থাপনা), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপিঃ
১। নির্বাহী প্রকৌশলী, এইচইডি,.................................... (সকল) বিভাগ।
২। সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
(প্রধান প্রকৌশলী মহোদয়ের সদয় অবলোকনের জন্য)।
৩। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। অতিরিক্ত প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

# স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদনের উপর অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা। |
| সভার স্থান | : | এইচইডি, প্রধান কার্যালয়ের সভা কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : | ১৩/১০/২০২২ খ্রিঃ, সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা **পরিশিষ্ট 'ক'** তে সন্নিবেশিত করা হলো।

১। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এইচইডি প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট জনাব সুলতান মাহমুদ জাকির হোসেন মনজু, সহকারী পরিচালক (চঃ দাঃ) (প্রশাসন-১), এইচইডি, প্রধান কার্যালয়কে আলোচ্য সূচি নিয়ে আলোচনার জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা অনুযায়ী আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের কর্মকর্তাদের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন করতে হবে। উল্লেখ্য যে, গত ২৮/০৯/২০২১ খ্রিঃ তারিখে এইচইডি, প্রধান কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছিলো। গত ০২/১০/২০২২ খ্রিঃ তারিখে পরিবীক্ষণ কমিটির ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ক সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল।

সদস্য সচিব সভায় আরো জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ী প্রতিটি কার্যালয়ে পরিবীক্ষণ কমিটি গঠন করতে হবে; প্রতি তিন মাস অন্তর অন্তর সভা আয়োজন করতে হবে এবং উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে। এছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদ করতে হবে।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সার্কেল কার্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলীদের নিকট সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে অগ্রগতি জানতে চাইলে এইচইডি, সার্কেল-৩, রাজশাহী কার্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোঃ মনিরুজ্জামান মোল্লা জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়টি সম্পর্কে ধারণা লাভের জন্য প্রশিক্ষণ প্রয়োজন। এছাড়াও সভায় জানানো হয় যে, প্রতিটি সার্কেল কার্যালয়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী অনতিবিলম্বে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করবেন এবং নিয়মিতভাবে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করবেন।

২। সভায় এতদ্সংক্রান্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**গৃহীত সিদ্ধান্তসমূহঃ**

(ক) প্রতিটি সার্কেল কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করতে হবে।

(খ) পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করবে।

(গ) মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করা যেতে পারে।

(ঘ) ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) হালনাগাদকরণ করতে হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১০/২০২২.

(প্রকৌঃ মোঃ আনোয়ার হোসেন)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা ও প্রশাসন)
এইচইডি, প্রধান কার্যালয়
ও
আহ্বায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার)

১৬/১০/২২

D:\Citizen Charter\Letter.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

মুজিব বর্ষে স্বাস্থ্য খাত
এগিয়ে যাবে অনেক ধাপ

স্মারক নং- ৪৫.০২.০০০০.০১১.১৮.০৪০.২১- ২৯৬৬ তারিখঃ ০৬/১০/২০২২

## "সভার নোটিশ"

১। আগামী ১৩/১০/২০২২ খ্রিঃ তারিখে বৃহস্পতিবার বেলা ১১.০০ ঘটিকায় স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) প্রধান কার্যালয়ের সভাকক্ষে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির-সভাপতি ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ) মহোদয়ের সভাপতিতে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে সার্কেল কার্যালয়ের সমন্বয়ে কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের উপর এক সভা অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় সংশ্লিষ্ট সকল কর্মকর্তাকে সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য আদিষ্টক্রমে অনুরোধ জানানো হলো।

আলোচ্য সূচিঃ

(১) সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক (জুলাই'২০২২-সেপ্টেম্বর'২০২২) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;

(২) বিবিধ।

০৬/১০/২২

সুলতান মাহমুদ জাকির হোসেন (মনজু)
সহকারী পরিচালক (প্রশাসন-১) (চঃ দাঃ)
এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা
ও
সদস্য সচিব
পরিবীক্ষণ কমিটি, সেবা প্রদান প্রতিশ্রুতি

বিতরণঃ
কার্যক্রমঃ

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডএ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এইচইডি, সার্কেল-১/২/৩/৪/৫/৬/৭/৮।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (তড়িৎ), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (তড়িৎ-ডিজাইন), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সহকারী প্রকৌশলী (প্রকল্প ব্যবস্থাপনা -১), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। সহকারী প্রকৌশলী (তড়িৎ-প্রকল্প ব্যবস্থাপনা), এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।

অনুলিপিঃ ১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ উপ সচিব, প্রশাসন-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এবং লাইন ডাইরেক্টর, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৩। নির্বাহী প্রকৌশলী, এইচইডি,.................................... (সকল) বিভাগ।

৪। প্রধান প্রকৌশলী মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচইডি, প্রধান কার্যালয়, ঢাকা।
(তাঁকে সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো)

D:\Citizen Charter\Letter.doc

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) বিষয়ে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন সার্কেল কার্যালয়ের সমন্বয়ে কর্ম-পরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা সভায় কর্মকর্তাদের উপস্থিতির তালিকাঃ

সভার তারিখ : ১৩/১০/২০২২ খ্রিঃ
সময় : বেলা ১১.০০ ঘটিকা
স্থান : এইচইডি, প্রধান কার্যালয়ের সভা কক্ষ।

| ক্রমিক নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | A.K.M. Badrul Islam S/E Sylhet | HED Sylhet Circle | 13/10/22 |
| ২ | মোঃ মনিরুজ্জামান (সম্প্রী) তত্ত্বাবধায়ক প্রকৌশলী | রাজশাহী সার্কেল সার্কেল-০৩ | ১৩/১০/২০২২ |
| ৩ | দুলাল চন্দ্র মন্ডল তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:) | সার্কেল-৮ ময়মনসিংহ | ১৩/১০/2022 |
| ৪ | মো. আব্দুল হামিদ তত্ত্বাবধায়ক প্রকৌ: (রুটিন) চ:দা: | এইচইডি প্রধান কার্যালয় | ১৩/১০/২০২২ |
| ৫ | Md. Rafiqul Islam Sikder SE (C.C) | HED Circle-1 Dhaka | 13.10. 2022 |
| ৬ | প্রকৌ: মীর মোঃ আব্দুল [illegible] তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ.দা.) | এইচইডি সার্কেল-৪ খুলনা | ১৩/১০/2022 |
| ৭ | মোঃ আরিফুল ইসলাম তত্ত্বাবধায়ক প্রকৌ: | সার্কেল-2 চট্টগ্রাম | ১৩/১০/২০২২ |
| ৮ | [illegible] তত্ত্বাবধায়ক প্রকৌ: (চ:দা:) | সার্কেল-৫ [illegible] | 13.11.22 |

D:\Citizen Charter\Letter.doc

| ক্রমিক নং | নাম ও পদবী | কার্যালয়ের নাম | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ৯ | Kazi Shamsul Alam<br>SE (c.c) | Circle-7<br>Rangpur<br>HED | [signature]<br>13/10/22 |
| ১০ | Md. Shahidul Islam<br>XEN Elect (CC) | HED HQ | [signature]<br>13.10.22 |
| ১১ | মাজিদ মাহমুদ অয়ন<br>AE (PM-1) | HED, HQ | [signature]<br>13.10.22 |
| ১২ | [illegible] মাহমুদ ... প্রকৌশলী, সহকারী প্রকৌশলী (চঃ দাঃ) | HED HQ | [signature]<br>১৩/১০/২২ |
| ১৩ | | | |
| ১৪ | | | |
| ১৫ | | | |